গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-৩ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.০৩০.১২.০০৭.২৩.১১৬

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

## প্রজ্ঞাপন

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের নিম্নবর্ণিত কর্মচারীকে 'গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫' অনুযায়ী বিভাগীয় পদোন্নতি প্রদান বিষয়ক কমিটির সুপারিশের আলোকে উক্ত পরিদপ্তরের সিনিয়র সাইফার অফিসার-এর শূন্য পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) বেতন স্কেলে শর্তসাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম, বর্তমান পদবি ও বেতনগ্রেড | পদোন্নতিপ্রাপ্ত পদবি ও বেতনগ্রেড |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শরিফুল ইসলাম<br>সাইফার অফিসার (৯ম গ্রেড) | সিনিয়র সাইফার অফিসার<br>(৬ষ্ঠ গ্রেড) |

**শর্তাবলী:**

(ক) 'গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫' অনুযায়ী যোগদানের তারিখ থেকে ০১(এক) বছর শিক্ষানবিশকাল প্রযোজ্য হবে;

(খ) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদ পূর্তি এবং 'গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫' এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে।

২. উল্লেখ্য, যেসব বিষয়ের ওপর ভিত্তি করে এ পদোন্নতি প্রদান করা হয়েছে সেসব বিষয়ে পরবর্তীতে কোনো বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০/০৭/২০২৬

আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন
উপসচিব
ফোন: ০২-২২২২৪৪১৬৭
E-mail: d3@mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.০৩০.১২.০০৭.২৩.১১৬

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩
২০ জুলাই ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সিস্টেম অ্যানালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফাইন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফাইন্যান্স অফিসারের কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২, পুরানা পল্টন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। জনাব মোঃ শরিফুল ইসলাম, সাইফার অফিসার, গুপ্তসংকেত পরিদপ্তর, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অফিস কপি।

20/07/2026

আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন
উপসচিব